

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৯৮

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হজ ও উমরাহ সম্পাদনকারী যখন বাইতুল্লাহর তাওয়াফ করতে চাইবে, তখন কিভাবে তাওয়াফ করবে, তার বিবরণ

ذَكَرُ وَصَفِ الطَّوَافِ بِالْبَيْتِ لِلْحَاجِّ وَالْمُعْتَمِرِ إِذَا أَرَادَهُ

আরবী

3798 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدٌ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ قَالَ: سَمِعْتُ ابْنَ عُمَرَ يَقُولُ: لَمَّا قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَكَّةَ طَافَ بِالْبَيْتِ سَبْعًا ثُمَّ صَلَّى خَلْفَ الْمَقَامِ رَكْعَتَيْنِ ثُمَّ خَرَجَ إِلَى الصَّفَا مِنَ الْبَابِ الَّذِي يَخْرُجُ مِنْهُ فَطَافَ بِالصَّفَا وَالْمَرْوَةِ. قَالَ شُعْبَةُ: وَأَخْبَرَنِي أَيُّوبُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ ابْنِ عُمَرَ: أَنَّهُ قَالَ: سُنَّةٌ. الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3798 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৭৯৮. ইবনু উমার রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মক্কায় আগমন করেন, তখন তিনি বাইতুল্লায় সাতবার তাওয়াফ করেন। তারপর মাকামে ইবরাহিমের পেছনে দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তিনি বের হওয়ার দরজা দিয়ে সাফা পাহাড়ের উদ্দেশ্যে বের হন, অতঃপর তিনি সাফা ও মারওয়া পাহাড়ের মাঝে তাওয়াফ করেন।” [1]

ইবনু উমার রাযিয়াল্লাহু আনহু বলেন, “এটা সুন্নাত।”

ফুটনোট

[1] নাসাঈ: ৫/২৩৭; মুসনাদ আহমাদ: ২/৮৫; তাবারানী: ১৩৬৩৪; মুসনাদ আলী বিন জা‘দ: ১২৫৫; সুনান

বাইহাকী: ৫/৯১; সহীহুল বুখারী: ৩৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৭৯৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93137>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন